

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৪৫

পরিচ্ছেদঃ তাওয়াফে যিয়ারতের পর কোন মহিলার ঋতুস্রাব হলে।

باب مَا جَاءَ فِي الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الإِفَاضَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْتُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ ذَكَرْتُ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَّ صَفِيَّةَ بِنْتَ حُيَيٍ حَاضَت ْ فِي أَيَّامِ مِنًى . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه مِنًى . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَلاَ إِذًا " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ وَسلم " فَلاَ إِذًا " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثُ حَسَنٌ صَحَيِحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ الْمَرْأَةَ إِذَا طَافَتْ طَوَافَ الزِّيَارَةِ ثُمَّ حَاضَت ْ فَإِنَّهَا تَنْفِرُ وَلَيْسَ عَلَيْهَا شَيْءٌ . وَهُوَ قَوْلُ التَّوْرِيِّ وَالشَّافِعِيِّ وَأَحْمَدُ وَإِسْحَاقَ .

বাংলা

৯৪৫. কুতায়বা (রাঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উল্লেখ করা হলো যে, (উম্মুল মু'মিনীন) সাফিয়্যা বিনত হুওয়াইয়ের মিনা অবস্থানের দিনগুলিতে ঋতুস্রাব শুরু হয়ে গেছে। তখন তিনি বললেন, এ আমাদের আটকে ফেলবে নাকি? অন্যরা বলল, তিনি তাওয়াফে যিয়ারা করে ফেলেছেন। রাসুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তা হলে আর আটকানোর বিষয় নেই। - ইবনু মাজাহ ৩০৭২, ৩০৭৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার ও ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আয়িশা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান- সহীহ্। আলিমগণের এতদনুসারে আমল যে, কোন মহিলা যদি তাওয়াফে যিয়ারা সমাধা করে নেয় এরপর তার ঋতুস্রাব শুরু হয় তবে সে চলে আসতে পারে। এতে তাঁর উপর অন্য কিছু বর্তাবে না। এ হলো ইমাম ছাওরী, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English



Aishah narrated:

"It was mentioned to the Messenger of Allah that Safiyyah bint Huyai got her menses during the days of Mina, so he said: "Will she prevent us (from departing)?" They said: "She has done (Tawaf) Al-Ifadah/" So the Messenger of Allah said: "In that case there is no harm."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন